# ALL INDIA RADIO, SILCHAR

*****************

## <u>EVENING BULLETIN</u> : <u>BENGALI</u>

## Date: - 10-05-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

১) দেশের ১০ টি রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলে অনুষ্ঠেয় চতুর্থ পর্যায়ের ভোটগ্রহনের নির্বাচনী প্রচার অব্যাহত।

২) গৌহাটিতে কমনওয়েলথ সংসদীয় সংস্থার উত্তর-পূর্ব সংমন্ডলের কার্যনিবাহক বৈঠক সম্পন্ন।

৩) সুপ্রীম কোর্টের সুরানীতি মামলায় অভিযুক্ত দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের জামিন মঞ্জুর।

এবং

৪) গৌহাটিতে উত্তর-পূর্ব সিনিয়র বেডমিন্টন চ্যাম্পিয়নশিপ আরম্ভ।

------------------------------------------------------------------------

দেশের ১০ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ৯৬ টি লোকসভা আসনে আগামী ১৩ মে চতুর্থ পর্যায়ে অনুষ্ঠেয় ভোটগ্রহণের জন্য নির্বাচনী প্রচার অভিযান অব্যাহত রয়েছে ।এদিকে এই নির্বাচনের জন্য আজ ভারতীয় জনতা পার্টী , ভারতীয় জাতীয় কংগ্রেস , তৃণমূল কংগ্রেস সহ আঞ্চলিক দলগুলো

ব্যাপক প্রচার চালিয়েছে ।বিজেপির প্রবীণ নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মহারাষ্ট্র ও তেলেঙ্গানায় দলীয় প্রার্থীদের হয়ে নির্বাচনী প্রচার চালান ।প্রধানমন্ত্রী ওড়িশ্যায় আজ থেকে দুদিন ব্যাপী নির্বাচনী সভা , রোড শো ইত্যাদিতে অংশগ্রহণ করবেন ।বিজেপির জাতীয় সভাপতি জে পি নাড্ডা আজ হরিয়ানায় এক রোড শোয়ে অংশগ্রহণ করেন ।আসামের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ পশ্চিমবঙ্গের ব্যারাকপুরে এক নির্বাচনী সভায় অংশগ্রহণ করেন ।এদিকে কংগ্রেস নেতা রাহুল গান্ধী এবং সমাজবাদী দলের অধ্যক্ষ অখিলেশ যাদব উত্তরপ্রদেশের কনৌজে নির্বাচনী সভায় অংশগ্রহণ করেন ।উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী তথা বিজেপি নেতা যোগী আদিত্য নাথ গোরখপুরে এক নির্বাচনী সভায় অংশ নেন । এই পর্যায়ের প্রচার অভিযান আগামীকাল সমাপ্ত হবে।

-------------------------------------------------------------------

এদিকে লোকসভা নির্বাচনের ষষ্ঠ পর্যায়ের প্রার্থিত্ব প্রত্যাহারের গতকাল শেষ দিন ছিল ।এই পর্যায়ে আগামী ২৫ শে মে ৬ টি রাজ্য ও দুটি কেন্দ্রসাসিত অঞ্চলের মোট ৫৮ টি লোকসভা আসনের জন্য ভোটগ্রহণ করা হবে ।এর মধ্যে দিল্লীর ৭ টি , হরিয়ানার ১০ টি , উত্তরপ্রদেশের ১৪ টি , বিহার ও পশ্চিমবঙ্গের ৮ টি করে , ওড়িষার ৬ টি , ঝারখন্ডের ৪ টি ও জম্মু-কাশ্মীরের একটি আসন রয়েছে ।

-------------------------------------------------------------------

গৌহাটীতে আজ কমনওয়েলথ সংসদীয় সংস্থার উত্তর-পূর্ব সংমন্ডলের কার্যনির্বাহকের বৈঠক অনুষ্ঠিত হয় ।উত্তরপূর্বের ৮ টি রাজ্যের বিধানসভার অধ্যক্ষ ও উপাধক্ষ্যের অংশ গ্রহণ করা এই বৈঠকে বেশ কিছু গুরুত্বপূর্ন সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।অরুনাচল প্রদেশ বিধানসভার অধ্যক্ষের পৌরহিত্যে অনুষ্ঠিত এই বৈঠকে উত্তর-পূর্ব সংমন্ডলের নতুন কমিটি গঠন করা হয় । নাগাল্যান্ড বিধানসভার অধ্যক্ষ সারিংগেইন লংকুমারকে নতুন কমিটির অধ্যক্ষ হিসেবে নির্বাচিত করা হয় । অন্যদিকে আসাম বিধানসভার সচিব দুলাল পেগু সঞ্চালক হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন । উল্লেখ্য কমনওয়েলথ সংসদীয় সংস্থার উত্তরপূর্ব সংমন্ডলের পরবর্তী বৈঠক মিজোরামে অনুষ্ঠিত হবে ।

-------------------------------------------------------------------

সুপ্রীম কোর্ট দিল্লীর মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের অন্তবর্তীকালীন জামিন মঞ্জুর করেছে । বিচারপতি সঞ্জীব খান্না ও দিপংকর দত্তের খন্ড বিচারপীঠ আদালতে সুরা নীতি মামলায় তিহার জেলে বন্দী হয়ে থাকা কেজরিওয়ালের অন্তবর্তীকালীন জামিন আগামী পয়লা জুন পর্যন্ত মঞ্জুর করে । আগামী দোসরা জুন কেজরিওয়ালকে জেল কতৃপক্ষের কাছে আত্মসমর্পন করতে আদালত নির্দেশ দিয়েছে ।আদালত উভয় পক্ষের আইনজীবির যুক্তি শুনার পর দুই বিচারপতি দিল্লীর মুখ্যমন্ত্রী শ্রী কেজরিয়ালের জামিন মঞ্জুর করে । উল্লেখ্য গত ২১ শে মার্চ বিধি বলবৎকারী সঞ্চালকালয় সুরা নীতির মামলায় দিল্লীর মুখ্যমন্ত্রীকে গ্রেপ্তার করেছিল । এদিকে কেজরিওয়ালের জামিন মঞ্জুর করার পর আম আদমী পার্টি সুপ্রীম কোর্টকে ধন্যবাদ জ্ঞাপন করে ।এক সাংবাদিক সম্মলনে আম আদমী পার্টির প্রবীন নেতা সৌরভ ভরদ্বাজ ও আতিশী সত্যের জয় বলে অভিহিত করে ।জেল থেকে  ছাড়া পাওয়ার পর কেজরিওয়াল লোকসভা নির্বাচনের প্রচার চালাবেন বলে আম আদমী পার্টি জানিয়েছে ।

---------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অক্ষয় তৃতীয়া উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী শ্রীমোদী এই শুভ দিন সবার জীবনে আনন্দ, উৎসাহ ও নতুন উদ্দীপনা বয়ে নিয়ে আসবে বলে আশা প্রকাশ করেছেন ।

---------------------------------------------------------------------------

অক্ষয় তৃতীয়া উপলক্ষে আজ আযোধ্যার রাম মন্দিরে রাম লালাকে আসামের বিখ্যাত এরী ও মুগা সূতা দিয়ে প্রস্তুত করা বিশেষ বস্ত্র পরিধান করানো হয় । রাম মন্দিরের অফিসিয়েল ডিজাইনার মনিষ ত্রিপাঠী শিশু রামের জন্য এই বিশেষ সাজ প্রস্তুত করেছেন । এই বিশেষ পোষাকের মাধ্যমে অসম বস্ত্র শিল্পের প্রতিচ্ছবি ভগবান রামের মাধ্যমে বিশ্ববাসীর কাছে প্রদর্শন করার চেষ্টা চালানো হচ্ছে । প্রায় ৪৫ দিন ধরে এই সাজ প্রস্তুত করা হয় ।এদিকে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা রাম লালার জন্য আসামের এরী ও মুগা সূতা দিয়ে প্রস্তুত করা সাজ পরিধান করানোয় সন্তুষ্টি প্রকাশ করে আসামবাসী

ভগবান রামকে ভক্তির উপহার তুলে দিয়েছেন বলে সামাজিক মাধ্যমে প্রকাশ করেছেন ।

---------------------------------------------------------------------------

ভাইস এডমাইরেল সঞ্জয় ভাল্লা আজ ভারতীয় নৌসেনা বাহিনীর কর্মচারীদের প্রধান হিসেবে কার্যভার গ্রহণ করেছেন ।১৯৮৯ সালের পয়লা জানুয়ারী তিনি ভারতীয় নৌবাহিনীতে যোগ দিয়েছিলেন ।৩৫ বছরের কর্মজীবনে তিনি বন্দর এবং সমুদ্র উভয় ক্ষেত্রেই কার্যনির্বাহ করেছেন ।শ্রী ভাল্লা বেশ কয়েকটি প্রথমসারীর যুদ্ধজাহাজ আই এন এস নিসাংক , আই এন এস তারাগিরি , আই এন এস বীজে বিশেষজ্ঞ হিসেবেও কর্মরত ছিলেন ।শ্রী ভাল্লাকে কর্মক্ষেত্রে বিশেষ অবদানের জন্য অতি বিশিষ্ট সেবা পদক , নৌসেনা পদকে সম্মানিত করা হয় ।

---------------------------------------------------------------------------

বিশ্ব ঐতিহ্য ক্ষেত্র কাজিরাঙ্গা উদ্যানের দরজা আগামী ১৫ ই মে থেকে দেশী বিদেশী পর্যটকদের জন্য বন্ধ করা হবে ।বিগত বছরের ১৫ ই অক্টোবর পর্যটকদের জন্য উদ্যান খুলে দেওয়া হয়েছিল ।এদিকে গত পয়লা মে থেকে উদ্যানটিতে হাতী সাফারী বন্ধ করা হয়েছে ।উল্লেখ্য ২০২৩-২৪ পর্যটন বর্ষে কাজিরাঙ্গা জাতীয় উদ্যান পূর্বের সব রেকর্ড ভঙ্গ করতে সক্ষম হয়েছে ।এই পর্যটন বর্ষে এপর্যন্ত ৩০ হাজার ৯১৯ জন বিদেশী পর্যটক সহ ৩ লক্ষ ২৭ হাজার ৪৯০ জন পর্যটক কাজিরাঙ্গা ভ্রমন করেছে বলে জানা গেছে ।এই সময়ে উদ্যান কর্তৃপক্ষ ৮ কোটি ৮০ লক্ষ টাকার রাজস্ব লাভ করেছে ।

---------------------------------------------------------------------------

আসাম সিনিয়র বেডমিন্টন ক্লাবের উদ্যোগে আজ থেকে গৌহাটীতে তিনদিনব্যাপী অষ্টম উত্তরপূর্ব সিনিয়র বেডমিন্টন চ্যাম্পিয়নশিপ আরম্ভ হয়েছে ।আজ সকাল থেকে বিভিন্ন শাখার খেলাগুলি অনুষ্ঠিত হয় ।নেহেরু ষ্টেডিয়ামের তরুনরাম ফুকন ইন্ডোর ষ্টেডিয়ামে অনুষ্ঠিত প্রতিযোগীতায় উত্তরপূর্ব সহ নেপাল ও ভুটানের খেলোয়াররা অংশ গ্রহণ করেছে । আজ সন্ধ্যায় আসাম পুলিশের বিশেষ সঞ্চালক প্রধান হরমিত সিং প্রতিযোগীতাটি আনুষ্ঠানিকভাবে উদ্ভোধন করেন ।

---

যোরহাটের আসাম কৃষি বিশ্ববিদ্যালয় কার্বন শোষণের জন্য এক কোটি গাছের চারা রোপন করার পদক্ষেপ হিসেবে নতুন দিল্লীর শক্তি ও সম্পদ প্রতিষ্ঠান - টেরী এন্ড রিনিউ পাওয়ার সিনারিজ প্রাইভেট লিমিটেডের সঙ্গে একটি সমঝোতা চুক্তি স্বাক্ষর করেছে ।এই চুক্তির মাধ্যমে আসামের বিভিন্ন প্রান্তের কৃষকদের সহযোগিতায় রোপন করা গাছের চারাগুলো থেকে তিন বছর পর বিশেষ পদ্ধতিতে কার্বন মূল্যায়ন করআ হবে ।এর পর আন্তর্জাতিক পর্যায়ে নির্ধারিত মূল্যের লভ্যাংশ গাছের মালিককে প্রদান করা হবে ।আসাম কৃষি বিশ্ববিদ্যালয়ের অধীন কৃষি বিজ্ঞান কেন্দ্র ও কৃষি গবেষণা কেন্দ্রের সহযোগিতায় এই চুক্তির অধীনে প্রারম্ভিক পর্যায়ে আসামের ১০ টি জেলায় গাছের চারা রোপন করা হবে ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে জাটিঙ্গা লামপুর ও নিউ হাফলং রেল স্টেশনের মধ্যে র্দূঘটনা প্রবন রেল লাইনে সন্ধ্যা ৬টা থেকে সকাল ৬টা পর্য্যন্ত পরিষেবা বন্ধ রাখা হয়েছে । বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে শিলচর-রঙ্গিয়া বিশেষ যাত্রী ট্রেন আজ রাত ১০টা ৪০ মিনিটের পরিবর্তে দু ঘন্টা পর রাত ১২টা ৪০ মিনিটে শিলচর থেকে যাত্রা করবে ।

অন্যদিকে আগরতলা-ব্যাঙ্গালুরু এক্সপ্রেস সন্ধ্যা ছটার পরিবর্তে সকাল সাড়ে পাঁচটায় যাত্রা করবে বলে জানানো হয়েছে ।

---

আসাম প্রদেশ কংগ্রেস কমিটির পক্ষ থেকে আসাম উচ্চতর মাধ্যমিক শিক্ষা পরিষদের দ্বারা পরিচালিত দ্বাদশ শ্রেণীর চূড়ান্ত বর্ষের পরীক্ষায় কাছাড় জেলার কয়েকশ ছাত্র-ছাত্রী ইংরেজী বিষয়ের পরীক্ষায় উপস্থিত থাকার পরও অনুপস্থিত দেখানোয় উদ্বেগ প্রকাশ করা হয়েছে । দলের রাজ্য কমিটির মুখপাত্র সঞ্জীব রায় এক প্রেস বিজ্ঞপ্তীতে অবিলম্বে ছাত্র-ছাত্রীদের ভবিষ্যতের কথা বিবেচনা করা শিক্ষামন্ত্রী ও মূখ্যমন্ত্রীকে বিষয়টিতে হস্তক্ষেপ করে সমস্যা সমাধানের দাবী জানিয়েছেন ।

---

হাইলাকান্দি জেলায়ও আগামীকাল জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে । জেলা আইন সেবা প্রাধিকরনের সম্পাদক বিদ্যাব্রত আচার্য্য জানিয়েছেন যে আগামীকাল মোট পাঁচটি বেঞ্চে লোক আদালতের শুনানি অনুষ্ঠিত হবে । আগামীকাল ৫৩৭টি আদালতে নথিভুক্ত মামলা ও পাঁচ হাজারেরও বেশী জনস্বার্থ সর্ম্পকিত মামলার নিষ্পত্তি করার প্রয়াস করা হবে বলে শ্রী আচার্য্য জানিয়েছেন । হাইলাকান্দি জেলার ন্যায়িক আদালত প্রাঙ্গনে সকাল দশটা থেকে লোক আদালত অনুষ্টিত হবে ।

---

শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে আগামী ১২ই মে শিলচর তরনী রোডে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---

করিমগঞ্জ শ্রী শ্রী রাধা মদনমোহন জিউর মন্দির কমিটি ও ই আরসি চক্ষু চিকিৎসালয় কতৃপক্ষের যৌথ ব্যবস্থাপনায় আগামী ১৫ মে সকাল এগারোটা থেকে মনদমোহন জিউর মন্দির প্রাংগনে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে ।শিবিরে চক্ষু বিশেষজ্ঞরা রোগীদের চিকিৎসা করবেন ।উল্লেখ্য মন্দির কমিটির সম্পাদকের সংগে যোগাযোগ করে ইচ্ছুক রোগীরা নাম নথিভূক্ত করাতে পারবেন ।

---